



Motion Magic Mirror



XI's



Digital Life Form



Emotional Speech



Biological Motion



Music Space



Alien System



Digital Canvas



Sound Chaos



Stylish Bone



E.T



Holowall Table



## “বিনোদনের মাধ্যমে শিক্ষা”

### বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিজয় সরণি, তেজগাঁও, ঢাকা-১২১৫।



তথ্য ও যোগাযোগ :

ফোন : ৯১৩৮৮৭৮, ৯১৩৯৫৭৭, ৯১৩০০০৬

ফ্যাক্স : ৯১৩০০০৬

ই-মেইল : bsmrnovotheatre@yahoo.com

ওয়েব : www.novotheatre.gov.bd

http://novotheatre.portal.gov.bd


বিভিন্ন রাইড ও প্লানেট শো



5D Movie Theatre



Ride Simulator



Space, planets and earth



Galaxy

ডিজিটাল ও সায়েন্সিফিক এক্সিবিটস



Roller Coaster



Touch Me



Earthquake System




Magic Vision



Tornado System




Columbus Egg




Helicopter Hovering



Air Rocket




Weight on Planet



Space Pilot Training



Info Wall



Mirror Time

অন্ধকার রাত। সুনসান নীরবতা। হিম শীতল হাওয়া বইছে চারপাশে। মাথার উপর মেঘমুক্ত আকাশে জ্বলজ্বল করছে লক্ষ কোটি তারা। ঐ তো সন্তর্ভিমণ্ডল; ঐ যে সুদূর নীহারিকা। চন্দ্র, সূর্য, কালপুরুষ, সন্ধ্যাতারা একে একে সবাই যেন দল বেঁধে হাজির হয়েছে। কী বিশাল তাদের আকৃতি। কী চন্দময়, সুশৃঙ্খল তাদের ছুটে চলা! অপার বিশ্বয় আর টানটান উত্তেজনায় ভরে ওঠে মন। বলবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার আপনাকে দূর মহাকাশের গ্রহ-নক্ষত্রদের এমনি এক মিলন মেলা এখন নতুনরূপে আরও অত্যাধুনিক ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে পর্যবেক্ষণের আমন্ত্রণ জানাচ্ছে।

**তথ্য কথিকা :** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় ঢাকার বিজয় সরণী এলাকায় ১২৩ কোটি টাকা ব্যয়ে নির্মাণ করেছে দেশের একমাত্র প্র্যানেটারিয়াম “বলবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার।”

**উদ্দেশ্য:** দেশের সকল নাগরিক ও শিক্ষার্থীকে বিনোদনের মাধ্যমে মহাকাশ বিজ্ঞান সম্পর্কে সঠিক ধারণা ও তথ্য প্রদান এবং মহাকাশ বিজ্ঞান শিক্ষায় উত্তরু করার লক্ষ্যে এ অনানুষ্ঠানিক বিজ্ঞান শিক্ষা প্রতিষ্ঠান স্থাপিত হয়েছে।

**যন্ত্রপাতি :** বলবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের অর্ধ গোলাকৃতির ডোমে আছে বিমোহিত করার মতো অত্যাধুনিক ডিজিটাল প্রযুক্তি। এছাড়া অত্যাধুনিক প্রক্ষেপণ যন্ত্রপাতি, এ্যাস্ট্রোটেকের পারফরেটেড এ্যালুমিনিয়াম পর্দা, শোটার জিএসএস হেলিয়াম স্পেস সিমুলেটর, বিভিন্ন স্পেশাল ইফেক্ট প্রজেক্টর এবং এ্যাস্ট্রোভিশন ৭০-এর মতো মনোমুগ্ধকর প্যানোরেমিসফারিক প্রক্ষেপণ যন্ত্র।

### ১। ডিজিটাল ফিল্ম:

**প্রদর্শনী :** নভোথিয়েটারে অত্যাধুনিক ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে ৫টি মহাকাশ বিষয়ক প্রদর্শনী দেখানো হয়। প্রতিটি প্র্যানেট শো আলাদা আলাদা বৈশিষ্ট্য নিয়ে তৈরী করা হয়েছে। তাই প্রতিটি প্র্যানেট শো নতুন নতুন আবিষ্কারের তথ্যে ভরপুর। তাই প্রতিটি শো দেখুন এবং আপনার জ্ঞানভান্ডারকে পরিপূর্ণ করে মহাকাশ আবিষ্কারের ঘটনায় নতুন উত্তেজনায় মেতে উঠুন। নিচে ৫টি মহাকাশ বিষয়ক প্রদর্শনীর কিছু তথ্য দেয়া হলো:

**(ক) মিশন টু ব্লাক হোল:** মহাবিশ্বের সর্বাধিক বিস্ময়কর স্থান ব্লাক হোল যেখান থেকে আলো পর্যন্ত বেরিয়ে আসতে পারেনা। জেনুজ ও ভারউইন নামক দুটি মহাকাশ যানের মাধ্যমে ব্লাক হোল এবং গ্রিজার-৫৮১ নক্ষত্রের ভাবচুরাল ভ্রমণের অনুভূতি নিয়ে তৈরী হয়েছে ব্লাক হোল সিনেমা। এই সায়েন্স ফিকশন ফিল্মে পাবেন ব্লাক হোল সম্পর্কিত এ পর্যন্ত আবিষ্কৃত সকল তথ্য ও মানুষের বসবাস উপযোগী গ্রহ সন্ধান বিজ্ঞানীদের নতুন আবিষ্কার।

**(খ) গুড নাইট গভিলকস:** পৃথিবী একমাত্র প্রাণের বসবাসের উপযোগী গ্রহ। এইটি সন্দেহ হয়েছে সূর্য থেকে পৃথিবীর দূরত্বের উপরে। সূর্য থেকে পৃথিবীর এই দূরত্বকে বলা হয় গভিলকস অঞ্চল। মহাবিশ্বে কতটি নত্বের গভিলকস অঞ্চলে গ্রহ আছে এবং তা প্রাণের বসবাস উপযোগী কিনা এবং বসবাস উপযোগী গ্রহ সন্ধানে নাসার টেলিস্কোপের অভিযান নিয়ে নির্মিত ফিল্ম গুড নাইট গভিলকস।

**(গ) জার্নি টু প্যা স্টার:** মহাকাশের তারাদের সৃষ্টি, জন্ম, মৃত্যু এবং আবর্তন কাল এর বিস্তারিত বর্ণনাসহ আমাদের গ্যালাক্সি মিল্কওয়েতে সূর্যের অবস্থান ও সূর্যকে কেন্দ্র করে নয়টি গ্রহের আবর্তন এর বিস্তারিত বর্ণনা দেয়া হয়েছে এই ফিল্মে।

**(ঘ) ডন অফ দ্যা স্পেস এজ:** মানবের মহাকাশের অপার রহস্য আবিষ্কারের নেশা প্রাচীন মিসরীয় সভ্যতা থেকে জানা যায়। সাবেক সোভিয়েত ইউনিয়নের ১৯৫৭ সালে স্পুতনিক নামক কৃত্রিম উপগ্রহ নিষ্ক্ষেপের পর থেকে মহাকাশ যুগের যাত্রা শুরু। নাসার সফল চন্দ্র অভিযান থেকে বুধ, শুক্রে ও মঙ্গল গ্রহসহ সকল সফল অভিযানসহ মহাকাশের স্পেস স্টেশন স্থাপনের সকল তথ্য নিয়ে নির্মিত ফিল্ম ডন অফ দ্যা স্পেস এজ।

**(ঙ) সিফনি অফ দ্যা স্টার কাই:** মহাকাশের বিষয়ে প্রাচীন ভারতীয়দের ও মিশরীয়দের ধারণাসহ সূর্যের ৯টি গ্রহের বিস্তারিত বর্ণনা ভয়েজার-১ ও ভয়েজার-২ এর অভিযানের সাহায্য মহাকাশের বিশদ তথ্য নির্ভর ফিল্ম সিফনি অফ দ্যা স্টার কাই।

### ২। লার্জ ফর্মেট ফিল্ম:

নভোথিয়েটারের প্রতিটি শো এর সাথে ১টি লার্জ ফর্মেট ফিল্ম প্রদর্শিত হয় “এই আমাদের বাংলাদেশ”। “এই আমাদের বাংলাদেশ” ফিল্মটিতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বলবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৭ই মার্চের ভাষণসহ বাংলাদেশের গুরুত্বপূর্ণ স্থাপনা, ইতিহাস, ঐতিহ্য এবং সংস্কৃতির প্রতিকলন রয়েছে। আমাদের মুক্তিযুদ্ধের চেতনার মূলে যে মানবিকতা, সাম্য, গণতন্ত্র আর অসাম্প্রদায়িকতার কথা বর্ণিত আছে তা এই ফিল্মটিতে প্রতিকলিত হয়েছে।

**টিকেট সংগ্রহ :** প্রতিটি শো এর জন্য আলাদা টিকেট ক্রয় করতে হয়। প্রদর্শনী হলের আসন সংখ্যা ২৭৫। প্রতিদিনের প্রথম প্রদর্শনীর ৩০ মিনিট পূর্বে এবং অন্যান্য প্রত্যেক প্রদর্শনীর ১.৩০ ঘন্টা পূর্বে কাউন্টার থেকে টিকেট বিক্রয় করা হয়। তবে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের জন্য মহাপরিচালক বরাবর লিখিত আবেদন সাপেক্ষে অগ্রীম টিকেট বরাদ্দের ব্যবস্থা রয়েছে। বর্তমানে e-ticketing Software with Entrance System চালু করা হয়েছে।

### E-ticket:

টেলিটিক মোবাইল ফোন এর মাধ্যমে ঘরে বসেই টিকেট (e-Ticket) সংগ্রহ করা যায়। মোবাইল ফোন এর Message Option -এ গিয়ে টাইপ করতে হবে Novo<Space>Date (yearmonthday) <Space> Show Code<Space>no.of ticket(s) এবং send করতে হবে 6686 নম্বরে। ফিরতি SMS -এ প্রদেয় টিকেটের মূল্যসহ একটি PIN নম্বর পাওয়া যাবে। এরপর পুনরায় Message Option -এ গিয়ে টাইপ করতে হবে YES<Space>PIN number এবং send করতে হবে 6686 নম্বরে। ফিরতি SMS -এ শো এর নির্ধারিত তারিখ, সময় এবং Token নম্বর জানিয়ে দেয়া হবে।

বলবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার -এ প্রদর্শিত ৬টি শো এবং শো কোড নম্বর

SAT-THU		FRI	
Show Code	Time	Show Code	Time
01	10.30	01	10.00
02	12.00	02	11.30
03	2.00	03	2.30
04	3.30	04	4.00
05	5.00	05	5.30
06	6.30	06	7.00

### শর্তাবলী :

- \* দর্শনাধীগণ তিন দিন পূর্বের অগ্রীম টিকেট ক্রয় করতে পারবেন।
- \* একটি মোবাইল থেকে সর্বোচ্চ ০৩ (তিন) টি টিকেট ক্রয় করতে পারবেন।
- \* e-Ticket ক্রয়কৃত দর্শনাধীকে শো শুরু হওয়ার ১ ঘন্টা পূর্বে নভোথিয়েটারে অনুগ্রহপূর্বক উপস্থিত হয়ে টিকেট সংগ্রহ করতে হবে।

**ক্যাপসুল রাইড সিমুলেটর :** ক্যাপসুল রাইড সিমুলেটরে আরোহণের মাধ্যমে ৩০ ভিত্তী কোণে এবং আনুভূমিক ও উল্লম্ব তলে দ্রুত গতিসম্পন্ন রোলার কোস্টার /প্রাচীন পিরামিডের মধ্য দিয়ে ভ্রমণের অনুভূতিসম্পন্ন টাইম পেট টু ইজিপট/এস্ট্রোজেট/ম্যাক সিন্ড্র এর অনুভূতি লাভ করা যায়। আসন সংখ্যা ৩০(ত্রিশ), ব্যক্তি/সময় ৫(পাঁচ) মিনিট।

**5D Interactive Edutainment Simulator:** এর মাধ্যমে বিশেষ ধরনের Motion chair -এ বসে চোখে বিশেষ ধরনের চশমা পরে দেখতে পাবেন বিভিন্ন ধরনের জীবজন্তু, পাহাড়-পর্বত, সাগর, নদী, বন এবং চন্দ্র অভিযান ইত্যাদি। সব কিছুকে মনে হবে যেন জীবন্ত। পাওয়া যাবে ষশরীরে ঘটনার অন্তরালে পৌছানোর অনুভূতি। আসন সংখ্যা ১২ (বার), ব্যক্তি/সময় ৫(পাঁচ) মিনিট।

**ডিজিটাল ও সায়েন্সিফিক এক্সিবিটস প্যারারী :** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে নতুন সংযোজিত হয়েছে ৩০টি ডিজিটাল ও সায়েন্সিফিক এক্সিবিটস। যেগুলোর সাহায্যে বিনোদনের মাধ্যমে শিক্ষার্থীরা বিজ্ঞান বিষয়ক জ্ঞান লাভ করতে পারবে। এ সমস্ত অত্যাধুনিক এক্সিবিটস বিজ্ঞানের চরম উৎসর্হতার প্রতিক। যা দ্বারা দেশের শিক্ষার্থীরা বিজ্ঞানের চমকপ্রদ এবং আশ্চর্যজনক বিষয়গুলোকে অবলোকন এবং অনুভব করতে পারবে এবং তাদেরকে বিজ্ঞান মনস্ক হতে সহায়তা করবে। এছাড়াও রয়েছে সৌর জগতের গ্রহসমূহের মডেল, মহাকাশ বিষয়ক তথ্যচিত্র, সূর্য, পৃথিবী ও চাঁদের মডেল ইত্যাদি।

**5-D Movie Theatre :** অত্যাধুনিক প্রযুক্তির নতুন সংযোজিত 5-D Movie Theatre-এ চোখে বিশেষ ধরনের চশমা দিয়ে দেখা যাবে আকর্ষণীয় প্রদর্শনী যাতে রয়েছে Bubble, Air, Water, Leg tickler, Special lighting, Chair movement, Smoke ইত্যাদির দারুণ effect. আসন সংখ্যা ৪০। ব্যক্তি সময় ৫-৭ মিনিট।

**পরমাণু শক্তি তথ্য কেন্দ্র :** শিক্ষা ও বিনোদন এক সাথে পাচ্ছেন নভোথিয়েটারে স্থাপিত পরমাণু শক্তি তথ্য কেন্দ্র। এখানে আছে 3D এ্যানিমেটেড মুভি, নিউক্লিয়ার দেফট মডেল, মানবদেহের তেজস্ক্রিয়তা পরিমাপের যন্ত্র-ভিসিটর এবং আরও অনেক কিছু। এটি বিনামূল্যে সকলের জন্য উন্মুক্ত।


**অন্যান্য বিষয় :** নভোথিয়েটারে রয়েছে ১৫০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম, ৫০ আসন বিশিষ্ট কনফারেন্স রুম, বিশাল বালি জায়গা যা সরকার নির্ধারিত হারে ভাড়া দেয়া হয় (শর্ত প্রযোজ্য)। এছাড়া রয়েছে ক্যাপসুল লিফ্ট এর সুব্যবস্থা।

#### সতর্কতা :

- ১। দুই বছরের কম বয়সী শিশু এবং অসুস্থ ব্যক্তিদের নভোথিয়েটারের প্রদর্শনী উপভোগ না করাই উত্তম।
- ২। খাবার, পানীয়, ব্যাগ, ক্যামেরা নিয়ে প্রদর্শনী হলে প্রবেশ নিষেধ।
- ৩। প্রদর্শনী হলের ভিতরে ছবি তোলা, আলো জ্বালানো, মোবাইল ফোন ব্যবহার করা সম্পূর্ণ নিষিদ্ধ।
- ৪। শো শুরু হবার পর প্রদর্শনী হলে প্রবেশ করা যায় না।
- ৫। বিক্রীত টিকেট ফেরত নেয়া হয়না।

স্বপ্ন হলো সত্য। আর দূর দেশে নয়। মহাকাশ পর্যবেক্ষণের নির্মল আনন্দ এবং জ্যোতির্বিজ্ঞান বিষয়ক জ্ঞান আহরণের দুর্লভ সুযোগ এখন আপনার দেশেই। সুতরাং দেরী নয় আজই আসুন।

#### লোকেশন ম্যাপ



#### প্রদর্শনীর সময় সূচী :

শো	প্রদর্শনীর নাম	প্রদর্শনী শুরু করার সময় (শনি, রবি, সোম, মঙ্গল ও বৃহস্পতিবার)	শুরু করার সময়
১ম শো	Dawn of the Space Age ও এই আমাদের বাংলাদেশ	সকাল ১০:৩০	সকাল ১০:০০
২য় শো	Mission to Black Hole ও এই আমাদের বাংলাদেশ	দুপুর ১২:০০	সকাল ১১:৩০
৩য় শো	Journey to the stars ও এই আমাদের বাংলাদেশ	বেলা ২:০০	বেলা ২:৩০
৪র্থ শো	Goodnight Goldilocks ও এই আমাদের বাংলাদেশ	বিকাল ৩:৩০	বিকাল ৪:০০
৫ম শো	Symphony of the Starry Sky ও এই আমাদের বাংলাদেশ	বিকাল ৫:০০	বিকাল ৫:৩০
৬ষ্ঠ শো	Journey to the Stars ও এই আমাদের বাংলাদেশ	সন্ধ্যা ৬:৩০	সন্ধ্যা ৭:০০

#### টিকেটের মূল্য তালিকাঃ

প্রদর্শনীর নাম	প্রতি টিকেটের মূল্য (টাকা)
প্ল্যানেন্ট শো	১০০.০০
ডিজিটাল ও সায়েন্সিফিক এক্সিবিটস (বিশেষ ছাত্র ১০০.০০ টাকার পরিবর্তে ৫০.০০ টাকা)	৫০.০০
5D Interactive Edutainment Simulator	৫০.০০
5D Movie Theatre	৫০.০০
ক্যাপসুল রাইড সিমুলেটর	৫০.০০